

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd


বিষয় : জেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোহাম্মদ উল্যাহ
জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
সভার তারিখ : ১০/০৩/২০২৪ খ্রি।
সময় : সকাল ১১.১০ ঘটিকা
স্থান : জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ, লালমনিরহাট।
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-“ক”তে দেখানো হলো।

জেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে দফাভিত্তিক আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন ও পাঠ করা হয়। এতে কোন সংশোধন, সংযোজন ও পরিমার্জন করার বিষয় না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	সভায় সদস্যগণ জানান যে, মানব পাচার বিরোধী জনসচেতনতার কারণে মানব পাচার কম হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে মানব পাচার রোধে সকল সংস্থাকে কার্যকরী ভূমিকা পালনের উপর গুরুত্বারোপ করা হয়।	মানব পাচার বিরোধী জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল সংস্থাকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে।	১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), লালমনিরহাট। ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
০২	সভায় জানানো হয় যে, লালমনিরহাটের কোন এলাকা মানবপাচার প্রবণ এলাকা তা চিহ্নিত নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে মানব পাচার প্রবণ এলাকা চিহ্নিতকরণের উপর গুরুত্বারোপ করা হয়।	মানব পাচার প্রবণ এলাকা চিহ্নিত করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	১। পুলিশ সুপার, লালমনিরহাট।
০৩	সভায় পুলিশ সুপার বলেন যে, দহগ্রাম সীমান্ত মানব পাচারের রুট হিসেবে ব্যবহৃত হচ্ছে। ইতিপূর্বে দহগ্রাম সীমান্ত দিয়ে পাচারের কারণে ০১টি মামলা দায়ের হয়েছিল। এ বিষয়ে সভায় আলোচনান্তে দহগ্রাম সীমান্তে নজরদারি বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়।	দহগ্রাম সীমান্তে নজরদারি বৃদ্ধি করতে হবে।	১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। অধিনায়ক, ৫১ বিজিবি, রংপুর। ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


১০/০৩/২৪
(মোহাম্মদ উল্যাহ)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।

ফোনঃ ০২৫৮৯-৯৮৬৭৭৭

delalmonirhat@mopa.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং-৪৭.৫২০০.০২৪.০৪.০৩.০০৭.১৯-২২৯ (২০)


২৬ ফাল্গুন, ১৪৩০

তারিখ : -----

১০ মার্চ, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
- ০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
- ০১। পুলিশ সুপার, লালমনিরহাট।
- ০২। সিভিল সার্জন, লালমনিরহাট।
- ০৩। -----, লালমনিরহাট।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জেলা আইসিটি শাখা, লালমনিরহাট। (তঁাকে কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে দেয়ার জন্য অনুরোধ করা হলো।)


(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোনঃ ০২৫৮৯-৯৮৬৮৬৮
admlalmonirhat@mopa.gov.bd

